

১৫২

**মেডিকেল কলেজে ভর্তি
পরীক্ষা পিছানোর দাবী**

এ বছর '৯৩-৯৩ সেশনের মেডিকেল কলেজসমূহে ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, তাতে ভর্তি পরীক্ষার তারিখ দেয়া হয়েছে ১৭ ডিসেম্বর, '৯৩। উল্লেখ্য, '৯২-৯৩ সেশনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ২ এপ্রিল, '৯৩। অর্থাৎ এবার যাতে তিন মাস আগেই পরীক্ষা নেয়া হবে— এই ঘোষণায় উর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাঝে দারুণ অস্থিরতা ও হতাশার সৃষ্টি হয়েছে। কারণ এতে পুরনো ছাত্র-ছাত্রীদের (অর্থাৎ যারা এ বছর ২য় বা ৩য় বার পরীক্ষা দিতো) কোন অসুবিধা না হলেও নতুন ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়েছে। এইচএসসিতে ছাত্র-ছাত্রীরা পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যার সিলেবাসভুক্ত অনেক অধ্যায় পড়ে না বা পড়ার প্রয়োজন হয় না। এ ছাড়া কোন কোন গুরুত্বপূর্ণ জটিল অধ্যায় (যেমন প্রাণিবিদ্যার মানবদেহ) তাদের

সিলেবাসেই নেই। এ সকল অধ্যায় ভর্তি পরীক্ষায় যতটা গুরুত্বপূর্ণ, তার চেয়ে উচ্চতর শিক্ষা ক্ষেত্রে অনেক বেশি গুরুত্বপূর্ণ। মেডিকেল শিক্ষার মত দুরূহ একটি শিক্ষা ক্ষেত্রে পরিপূর্ণ জ্ঞান নিয়ে প্রবেশ করা আবশ্যিক। কিন্তু এত অল্প সময়ে ছাত্র-ছাত্রীরা যে তাদের প্রস্তুতি পরিপূর্ণ করতে পারবে না— তা অনুধাবন করার জন্য যথেষ্ট প্রজ্ঞার প্রয়োজন নেই। পরীক্ষা এগিয়ে আনার মধ্যে সেশন জট নিরসনের প্রচেষ্টার আভাস থাকলেও একবারে এতটা এগিয়ে আনাটা ছাত্র-ছাত্রীদের উপর বাড়তি চাপের কারণ হয়ে দাঁড়িয়েছে।

যা হোক, আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ভর্তি পরীক্ষা কমপক্ষে দেড় মাস পিছিয়ে ফেব্রুয়ারীর ১ম সপ্তাহে স্থানান্তরের আবেদন জানাচ্ছি।

—মঃ মঈনুল ইসলাম হাসিব,
PLACODE মেডিকেল কোচিং
সেন্টার, বরিশাল।